দৈনিক সংবাদ

FEB 28 2001

তারিখ ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ৯) ... কলাম ... ৬...

# বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সরকারি টাকার চেক হস্তান্তর

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, কলেজ ও মাদ্রাসা) এবং কারিগরি বেসরকারি এসএসসি (ভোকেশনাল) ও এইচএসসির (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষক ও কর্মচারীদের ফেব্রুয়ারি/২০০১-এর বেতন-ভাতার সরকারি অংশ বাবদ ১শ ৫ কোটি ৬৬ লাখ ৮১ হাজার ৮শ ৭ টাকা ২৬ পয়সার চেক অনুদান বন্টনকারী জনতা, অগ্রণী, রূপালী ও সোনালী ব্যাংক কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হয়েছে। আগামী ৪ঠা মার্চের মধ্যে সংশ্লিষ্ট শাখা ব্যাংক হতে শিক্ষক ও কর্মচারীদের ব্যক্তিগত ব্যাংক একাউন্ট নম্বরের মাধ্যমে বেতন-ভাতা উত্তোলন করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করা হয়েছে।

উল্লেখ্য, কোন সঙ্গত কারণে যেসব শিক্ষা প্রতিষ্ঠান বা শিক্ষক ও কর্মচারী চলতি অর্থ বৎসরের (২০০০-২০০১) বকেয়া টাকা নির্ধারিত সময়ের মধ্যে উত্তোলন করতে পারেননি তারাও ব্যক্তিগত ব্যাংক একাউন্টের মাধ্যমে ওই সময়ের টাকা একই সাথে উত্তোলন করতে পারবেন। তথ্য বিবরণী।